

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২০.২১. ২৩০

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮  
৩০ সেপ্টেম্বর ২০২১

অভিযোগনামা

আপনি জনাব শেখ মোঃ সামিউল ইসলাম (০২৩৭৮৮), প্রভাষক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

যেহেতু, আপনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/১২/২০১৬ খ্রিষ্টাব্দের ৩৭.০০.০০০০.০৬৯.০০৮.০৭৬.২০১৬-৯৬৪ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী ০২ (দুই) বছরের শিক্ষাছুটি নিয়ে ইসলামিক বিশ্ববিদ্যালয়, মালয়েশিয়া'য় MBA কোর্সে যোগদান করেন এবং শিক্ষাছুটির মেয়াদ ২৬/১২/২০১৮ খ্রিষ্টাব্দে শেষ হওয়া সত্ত্বেও অনুমোদিত ছুটির অতিরিক্ত ২৭/১২/২০১৮ খ্রি. হতে ১৯/০১/২০২১ খ্রি. পর্যন্ত মোট ০২ (দুই) বছর ২৪ (চব্বিশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধা;

সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন”এর অভিযোগে অভিযুক্ত করা হলো। আপনার বিরুদ্ধে বর্ণিত বিধি ৪(১) এর আওতায় কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, তার কারণ এ বিধির ৭(১)(খ) ধারা অনুযায়ী অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে কোন ব্যক্তিগত শুনানি চান কি-না তাও আপনার জবাবে উল্লেখ করার জন্য বলা হলো।

যে অভিযোগ বিবরণীর ভিত্তিতে এ অভিযোগনামা প্রস্তুত করা হয়েছে তার অনুলিপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব

স্থায়ী ঠিকানা:

জনাব শেখ মোঃ সামিউল ইসলাম  
গ্রাম-কান্দিপাড়া পূর্ব, বাড়ী নং-৯২  
ডাকঘর-বান্ধগবাড়ীয়া, জেলা-বান্ধগবাড়ীয়া।

বর্তমান ঠিকানা:

জনাব শেখ মোঃ সামিউল ইসলাম (০২৩৭৮৮)  
প্রভাষক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

## অভিযোগবিবরণী

জনাব শেখ মোঃ সামিউল ইসলাম (০২৩৭৮৮), প্রভাষক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

যেহেতু, তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ১৫/১২/২০১৬ খ্রিষ্টাব্দের ৩৭.০০.০০০০.০৬৯.০০৮.০৭৬.২০১৬-৯৬৪ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী ০২ (দুই) বছরের শিক্ষাছুটি নিয়ে ইসলামিক বিশ্ববিদ্যালয়, মালয়েশিয়া'য় MBA কোর্সে যোগদান করেন এবং শিক্ষাছুটির মেয়াদ ২৬/১২/২০১৮ খ্রিষ্টাব্দে শেষ হওয়া সত্ত্বেও অনুমোদিত ছুটির অতিরিক্ত ২৭/১২/২০১৮ খ্রি. হতে ১৯/০১/২০২১ খ্রি. পর্যন্ত মোট ০২ (দুই) বছর ২৪ (চব্বিশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল সরকারি কর্মকর্তা হিসেবে তাঁর উক্তরূপ কার্যকলাপ সরকারি চাকরির শৃঙ্খলা ও আচরণ বিধি পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

  
(মোঃ মাহবুব হোসেন)  
সচিব